

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফ,ই সাকুলার নং - ১৯

তারিখ: পৌষ ০১, ১৪১২
ডিসেম্বর ১৫, ২০০৫

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

স্থল বন্দরের মাধ্যমে আমদানির ক্ষেত্রে ঋণপত্র স্থাপনে অনুসরণীয় নির্দেশাবলী প্রসঙ্গে।

সম্প্রতি বাংলাদেশের বিভিন্ন স্থল বন্দর দিয়ে পণ্য আমদানির ক্ষেত্রে বেশ কিছু অনিয়মের অভিযোগ পাওয়া গিয়েছে। ঐ সব অনিয়ম প্রতিরোধকল্পে অনুমোদিত ডিলারদের নিম্নোক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণের পরামর্শ দেয়া যাচ্ছে :

- ১। স্থলপথে আমদানির ক্ষেত্রে এলসি খোলার সময় এলসিতে কেবলমাত্র একটি সুনির্দিষ্ট স্থল শুদ্ধ বন্দরের নাম উল্লেখ করতে হবে।
- ২। এলসি'র কপি, প্রয়োজনীয় অন্যান্য তথ্য এবং পরবর্তীতে এলসিতে কোন সংশোধনী আনীত হলে সংশোধনীর কপি সরাসরি এলসিতে উল্লেখিত স্থল বন্দর কর্তৃপক্ষের কাছে প্রেরণ করতে হবে।
- ৩। আমদানি-রপ্তানী ডেস্কে কর্মরত ডিলার শাখার কর্মকর্তাদের নমুনা স্বাক্ষর ও তাদের সাথে যোগাযোগের জন্য ব্যাংক শাখার ফোন ও ফ্যাক্স নম্বর সব শুদ্ধ বন্দরে সরবরাহ করতে হবে।
- ৪। অনুমোদিত ডিলারদের নিজস্ব প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শুদ্ধ বন্দর হতে সরাসরি দেশের অভ্যন্তরে পণ্য প্রবেশ সম্পর্কিত তালিকা, সার্টিফাইড ইনভয়েস ও বিল অব এন্ট্রি সংগ্রহ করতে হবে। কম্পিউটারে আমদানি সংশ্লিষ্ট তথ্যভান্ডার সৃষ্টি ও সংরক্ষণে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলারকে সক্রিয় উদ্যোগ নিতে হবে। উল্লেখ্য, শুদ্ধ কর্তৃপক্ষও একই উদ্যোগ গ্রহণ করছে। প্রতিষ্ঠিতব্য তথ্যভান্ডারে পারস্পরিক প্রবেশাধিকারও রাখতে হবে।
- ৫। এলসি'র Payment Terms এ ঋণপত্রে Reimbursement Authority/Debit Authority এর ব্যবস্থা না রেখে নিম্নোক্ত শর্ত এলসিতে সন্নিবেশ করতে হবে :
"Upon receipt of documents complying with credit terms, we shall effect payment as per instructions of Negotiating Bank/Collecting Bank."
- ৬। ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার এর বেশী মূল্যের এলসি SWIFT এর মাধ্যমে এডভাইজিং ব্যাংকে প্রেরণ করতে হবে।
- ৭। এফ.ই সাকুলার নং ০৪, তারিখ মার্চ ০৫, ২০০৫ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে।
- ৮। সকল পণ্যের H.S. Code (ITC Code) সহ প্রয়োজনীয় পূর্ণাঙ্গ বিবরণী যথাযথভাবে এলসিতে উল্লেখ করতে হবে।
- ৯। গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস্ (ভলিউম-১), ১৯৯৬ এর ১৫ নং অধ্যায়ের ২০ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসারে রপ্তানীকারকের ক্রেডিট রিপোর্ট যথাযথভাবে সংগ্রহ নিশ্চিত করতে হবে।
- ১০। ইস্যুতব্য NOC তে অবশ্যই পিএ নম্বর এর পাশাপাশি সুস্পষ্টভাবে নাম ও সিল ব্যবহার করতে হবে।

সংশ্লিষ্ট সব পক্ষকে এতদমর্মে অবহিতকরণের অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

ফোন-৭১২০৩৭৫